



আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা-১০০০।

তারিখ: ১৩ জানুয়ারি, ২০২০

বিষয়: ১৫ ডিসেম্বর, ২০১৯ ইং তারিখে আইসিএমএল এর প্রধান কার্যালয়ে আইসিবি এর ইনোভেশন টিমের সাথে অনুষ্ঠিত উদ্ভাবকগণের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন কর্মপরিকল্পনা (ক্যালেন্ডার) প্রণয়ন কার্যক্রমের ২০১৯-২০ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী প্রসঙ্গে।

আইসিবি এর ইনোভেশন টিম এবং আইসিএমএল এর ইনোভেশন টিমের সমন্বয়ে গঠিত ইনোভেশন সেল কর্তৃক ১ম সভা ১৫ ডিসেম্বর, ২০১৯ তারিখে রোজ রবিবার বেলা ০৩:০০ ঘটিকায় কমিটির আহ্বায়ক জনাব মোঃ শফিউল আলম এর সভাপতিত্বে নিম্নোক্ত সদস্যগণের উপস্থিতিতে কোম্পানির পর্ষদ কক্ষে অনুষ্ঠিত হয়:

০১.	জনাব মোঃ শফিউল আলম	উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যাডমিনিষ্ট্রেশন এন্ড ফাইন্যান্স ডিভিশন	আহ্বায়ক
০২.	জনাব মোঃ মফিজুর রহমান	সিস্টেম ম্যানেজার আইসিবি	সদস্য
০৩.	মিসেস মাজেদা খাতুন	উপ-মহাব্যবস্থাপক আইসিবি	সদস্য
০৪.	মিসেস মাহমুদা আক্তার	উপ-মহাব্যবস্থাপক আইসিবি	সদস্য
০৫.	জনাব মোঃ জহিরুল ইসলাম খান	সহকারী মহাব্যবস্থাপক আইসিবি	সদস্য
০৬.	জনাব মুহাম্মদ আবুল খায়ের আজাদ	সিস্টেম এনালিস্ট আইসিবি	সদস্য
০৭.	জনাব মুহাম্মদ আরিফ খান	প্রোগ্রামার আইসিএমএল	সদস্য সচিব

০২। সভার শুরুতে কমিটির সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার উদ্দেশ্যে সম্পর্কে অবহিত করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য-সচিব সভার আলোচ্যসূচী উপস্থাপন করত: কার্যবিবরণী লিপিবদ্ধ করেন।

০৩। আলোচ্যসূচী: উদ্ভাবকগণের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন কর্মপরিকল্পনা (ক্যালেন্ডার) প্রণয়ন কার্যক্রম পরিবীক্ষণ প্রসঙ্গে।

৩.০১। সদস্য-সচিব জনাব মুহাম্মদ আরিফ খান সভায় উল্লেখ করেন, অনলাইনের মাধ্যমে তহবিল উত্তোলনের বিষয়টি সহজিকরণ করা হয়েছে। এক্ষেত্রে ইনোভেশন সেলের ইনোভেশন অফিসার জনাব মোঃ মফিজুর রহমান অভিমত দেন, গ্রাহক অনলাইনে তহবিল উত্তোলনের আবেদন করলে সাথে সাথে গ্রাহকের মোবাইলে এসএমএস এবং ই-মেইলে মেইল দেওয়া যেতে পারে। এছাড়াও তিনি অভিমত দেন যে, ভবিষ্যতে ওটিপি (ওয়ান টাইপ পাসওয়ার্ড) চালু করা যেতে পারে।

(চলমান পাতা-০২)

(পাতা-০২)

৩.০২। সদস্য-সচিব জানান, আইসিএমএল এর প্রধান ও শাখা কার্যালয়ের ৩০ জন কর্মকর্তা-কর্মচারীকে এটুআই কর্তৃক ই-ফাইলিং সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তিনি আরো উল্লেখ করেন, পরবর্তীতে ই-ফাইলিং সংক্রান্ত প্রশিক্ষণ প্রধান এবং শাখা কার্যালয়ের অবশিষ্ট কর্মকর্তা-কর্মচারীকে পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণ সমাপ্তিতে ই-ফাইলিং কার্যক্রম শুরু করা যেতে পারে। এক্ষেত্রে আইসিএমএল ইনোভেশন টিমের আহবাহক জনাব মোঃ শফিউল আলম আইসিবির ইনোভেশন সেলের প্রধান ও সিস্টেম এনালিস্ট জনাব মুহাম্মদ আবুল খায়ের আজাদকে মন্ত্রণালয় থেকে আইসিএমএল এর একটি কোড সংগ্রহ করে আইসিএমএল কে প্রদান করতে অনুরোধ জানান।

৩.০৩। সদস্য সচিব আরো জানান, আইসিএমএল এর কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ইনোভেশন সংক্রান্ত আইসিবির কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণে অংশগ্রহণ চলমান রয়েছে। এক্ষেত্রে ইনোভেশন অফিসার জনাব মোঃ মফিজুর রহমান জানান, ইনোভেশন সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ কবে হয়েছে এবং কতজন অংশগ্রহণ করেছে, তার বিস্তারিত ডকুমেন্টস রাখতে হবে। তিনি আরো পরামর্শ প্রদান করেন যে, প্রশিক্ষণের জন্য স্থানীয়/বিদেশ শিক্ষা সফর দেওয়া যেতে পারে।

৩.০৪। ইনোভেশন সেল এর সদস্য মিসেস মাজেদা খাতুন ইনোভেশন আইডিয়াসমূহ অনলাইন এবং বার্ষিক প্রতিবেদনে দেওয়ার প্রস্তাব করেন। এক্ষেত্রে সদস্য সচিব জানান, ইনোভেশন আইডিয়াসমূহ যথাসময়ে আপলোড এবং প্রতি বছরে বার্ষিক প্রতিবেদনে দেয়া হয়।

৩.০৫। আইসিবির ইনোভেশন সেল এর প্রধান জনাব মুহাম্মদ আবুল খায়ের আজাদ প্রস্তাব করেন, কোন কর্মকর্তা/কর্মচারী অবসর গ্রহণ বা স্বেচ্ছায় চাকরি হতে অব্যাহতি গ্রহণ করলে অবসরোত্তর সেবা সহজীকরণ প্রক্রিয়া কর্তৃপক্ষের অনুমোদন হওয়া প্রয়োজন।

০৪। সভায় আর কোন বিষয় আলোচ্য না থাকায় কোম্পানির সুনাম অখুল রাখা ও উন্নতি উত্তরোত্তর বৃদ্ধির আশাবাদ ব্যক্ত করে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মুহাম্মদ আরিফ খান)
সদস্য-সচিব

(মোহাম্মদ আবুল হোসেন)
সদস্য

(সুলতান আহমেদ)
সদস্য

(মোঃ সাখাওয়াত হোসেন)
সদস্য

(মোঃ মফিজুর রহমান)
সদস্য

(মোঃ শফিউল আলম)
আহবায়ক

তারিখঃ ১৩ জানুয়ারি, ২০২০